

ডিসির প্রতি হাইকোর্ট

টাবির প্রভাষক শফিকুর রহমানকে
পাঠদান কার্যক্রম করতে

দেয়ার নির্দেশ

সুপ্রীমকোর্ট রিপোর্টার II ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রভাষক মোঃ শফিকুর রহমানকে অনতিবিলম্বে পাঠদান কার্যক্রম করতে দেয়ার জন্য হাইকোর্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে। শফিকুর রহমানকে বাধ্যতামূলক ছুটি প্রদান করে কর্তৃপক্ষের দেয়া আদেশকে কেন অবৈধ ঘোষণা করা হবে না এ মর্মে কারণ দর্শানোর জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, রেজিস্ট্রারসহ ১১ জনের প্রতি রুলনিশি জারি করা হয়েছে। রবিবার বিচারপতি হামিদুল হক ও বিচারপতি সালমা মাসুদ চৌধুরী সম্মুখে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ শফিকুর রহমানের রিট আবেদনের প্রেক্ষিতে এই আদেশ প্রদান করে। রিট আবেদনটি পরিচালনা করেন ব্যারিস্টার আমীর-উল-ইসলাম। রিট আবেদনে বলা হয়, গত ১ জানুয়ারি ৪ সপ্তাহের জন্য শফিকুর রহমানকে বাধ্যতামূলক ছুটি প্রদান করা হয়। পরে তা আরও ১ মাস বৃদ্ধি করা হয়।